

তারিখ : ২৯.০৮.২০২২

## ছাত্রাবাসে সিট বরাদ্দের বিজ্ঞপ্তি

এতদ্বারা মুরারিচাঁদ কলেজ, সিলেট- এ অধ্যয়নরত নিয়মিত ছাত্রদের জানানো যাচ্ছে যে, কলেজ ছাত্রাবাসে সীমিত সংখ্যক আসনে ১ম বর্ষ সম্মান (শিক্ষাবর্ষ-২০২০-২০২১ ও ২০২১-২০২২) শিক্ষার্থীদের আসন বরাদ্দ দেওয়া হবে। আগ্রহী শিক্ষার্থীদের নিকট হতে ছাত্রাবাসে ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নগদ ১০০/- (একশত) টাকা প্রদানপূর্বক তথ্য ও অনুসন্ধান কেন্দ্র থেকে ছাত্রাবাসের তত্ত্বাবধায়কের স্বাক্ষরিত ফরম সংগ্রহ করা যাবে।

### ফরম সংগ্রহ ও জমাদানের সময়সূচি

০১.০৯.২০২২ তারিখ হতে ১৫.০৯.২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকা থেকে বিকাল ০২.০০ ঘটিকা পর্যন্ত ফরম সংগ্রহ করা যাবে। ফরম যথারীতি পূরণ করে ০১.০৯.২০২২ তারিখ থেকে ১৬.০৯.২০২২ তারিখ বিকাল ০২.০০ ঘটিকার মধ্যে তথ্যকেন্দ্রে ছাত্রাবাস সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।


### প্রয়োজনীয় শর্ত ও কাগজপত্রাদি

- ১ম বর্ষ সম্মান শ্রেণির ছাত্রদের জন্য এসএসসি, এইচএসসি পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি, পাসপোর্ট সাইজের সত্যায়িত দুই কপি ছবি এবং ১ম বর্ষ সম্মান শ্রেণির রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি (পুরাতনদের জন্য)।

ভর্তির জন্য সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও সময়সূচি : ১৮/৯/২০২২ খ্রি: রবিবার (সকাল ১১.০০টা)

প্রতিস্বাক্ষর

তত্ত্বাবধায়কবৃন্দের পক্ষে

  
অধ্যক্ষ  
মুরারিচাঁদ কলেজ, সিলেট।

  
মোহাম্মদ হাবিবুর রহমান  
তত্ত্বাবধায়ক, ৭ম ছাত্রাবাস

**অধ্যক্ষ**  
মুরারিচাঁদ কলেজ, সিলেট।

ও  
সহযোগী অধ্যাপক, সমাজবিজ্ঞান  
মুরারিচাঁদ কলেজ, সিলেট।

